

AKASHVANI (Kolkata)

Regional News Unit

Date : 09-11-24

Time : 7.50 PM

বিশেষ বিশেষ খবর:

১) রাজ্যের ৬'টি বিধানসভা আসনের উপনির্বাচনে জোরকদমে প্রচার চলেছে।

কেন্দ্রীয় বাহিনী মোতায়েনে অনিয়মের অভিযোগ তুলে নির্বাচন কমিশনের দ্বারা হয়েছে ত্বরণ কংগ্রেস।

২/ RG Kar হাসপাতালে কর্তব্যরত তরুণী পিজিটি চিকিৎসককে ধৰ্ষণ ও খুনের ঘটনার তিন মাস পূর্বে আজ ফের রাজপথে প্রতিবাদ কর্মসূচীতে যোগ দিয়েছেন চিকিৎসক ও সমাজের বিভিন্ন ক্ষেত্রের মানুষ।

৩/ চার দিনের সফরে মুখ্যমন্ত্রী আগামী সোমবার উত্তরবঙ্গ যাচ্ছেন।

৪/ দক্ষিণ পূর্ব রেলের খড়গপুর শাখায় সেকেন্দ্রাবাদ-শালিমার এক্সপ্রেসের ইঞ্জিন ও তিনটি বাগি লাইনচুক্যত হওয়ার ঘটনার তদন্ত শুরু করেছে রেল।

৫/ জগন্নাথী পুজোর অষ্টমীতে জনজোয়ার ছগলীর চন্দননগর ও নদীয়ার কৃষ্ণনগরে।

৬/ কোচবিহার ট্রাফি ক্রিকেটে বাংলা ইনিংস ও ৪১ রানে মুস্বাই-কে হারিয়ে দিয়েছে।

৭/ যুবভারতী ক্রীড়াঙ্গনে ISL ম্যাচে ইস্টবেঙ্গল মহামেডান স্পোটিং-এর মুখ্যমুখ্য হয়েছে।

রাজ্যের ৬'টি বিধানসভা আসনের উপনির্বাচনে প্রচারাভিযান এখন তুঙ্গে।

সিতাই, মাদারিহাট, নেহাটি, হাড়োয়া, মেদিনীপুর ও তালডাংরা বিধানসভা আসনের উপনির্বাচনে ভোট নেওয়া হবে ১৩'ই নভেম্বর। প্রচারের শেষদিন আগামী সোমবার ১১'ই নভেম্বর। সব দলের নেতারাই মিটিং-মিছিল-পথসভার মাধ্যমে ভোটারদের মন জয়ের চেষ্টা চালাচ্ছেন।

উত্তর ২৪ পরগণার হাড়োয়ায় ত্বরণ কংগ্রেস, প্রয়াত সাংসদ হাজী নুরুল্লের ছেলে শেখ রবিউল ইসলামকে দলের প্রার্থী করেছে। বাবার উন্নয়নমূলক কর্মকাণ্ডের খতিয়ান তিনি তার প্রচারে তুলে ধরছেন। বিজেপি প্রার্থী বিমল দাস নিজের প্রচারে আর জি করের ঘটনা সহ বিভিন্ন ক্ষেত্রে রাজ্য সরকারের দুর্নীতি প্রচারে তুলে ধরছেন। আইএসএফ প্রার্থী পিয়ারুল ইসলাম প্রচারে এলাকায় উন্নয়নের খামতি ও রাজ্য সরকারের দুর্নীতির কথা বলছেন। আজ তাঁর সমর্থনে নির্বাচনী সভায় বক্তব্য রাখেন দলীয় বিধায়ক নওসাদ সিদ্দিকি।

বাঁকুড়ার তালডাংরায় বিজেপির দলীয় প্রার্থী অনন্যা রায় চক্রবর্তী বাড়িতে বাড়িতে গিয়ে এলাকার সমস্যার কথা তুলে ধরছেন। আজ তাঁর সমর্থনে তালডাংরায় জনসভা করেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। রাজ্য আবাস যোজনা সহ একাধিক দুর্নীতির বিরুদ্ধে সরব হন তিনি। এই আসনে সিপিআই প্রার্থী দেবকান্তি মহান্তি তাঁর নির্বাচনী ক্ষেত্রে প্রচারে তুলে ধরছেন ১০০ দিনের কাজ না পাওয়া, আবাস যোজনায় দুর্নীতি, কর্মসংস্থান না পাওয়া সহ একাধিক ইস্যু। অন্যদিকে ত্বরণ কংগ্রেসের প্রার্থী ফাল্টনী সিংহবাবু শাসকদলের বিগত ১৩ বছরের উন্নয়নের কথা তুলে ধরছেন।

কোচবিহারের সিতাই কেন্দ্রে ত্থগমূল কংগ্রেস প্রার্থীর সমর্থনে আজ প্রচারে যোগ দিয়েছেন রাজ্যের জনস্বাস্থ্য কারিগরি দফতরের মন্ত্রী পুলক রায়। এর আগে তিনি দলীয় কার্যালয়ে জেলা নেতৃবৃন্দের সঙ্গে বৈঠক করেন। রাজ্য সরকারের উন্নয়নমুখী প্রকল্পই এই কেন্দ্রে ত্থগমূল কংগ্রেসকে বিপুল ভোটে জেতাবে বলে আস্থা ব্যক্ত করেন তিনি।

মেদিনীপুর আসনে ত্থগমূল প্রার্থী সুজয় হাজরা আজ শালবনী ইলাকের গড়মাল গ্রাম পঞ্চায়েত এলাকায় প্রচার চালান। বিজেপি প্রার্থী শুভজিত রায়ের হয়ে আজ প্রচারে অংশ নেন প্রাক্তন রাজ্য সভাপতি দলীপ ঘোষ। বামপ্রার্থী মণিকুত্তল খামরুল, পায়ে হেঁটে প্রচার চালান।

রাজ্যের ৬ কেন্দ্রে বিধানসভা উপনির্বাচনের আগে কেন্দ্রীয়বাহিনী মোতায়েনে অনিয়মের অভিযোগ তুলে শাসক দল ত্থগমূল কংগ্রেস নির্বাচন কমিশনের দ্বারহ হয়েছে। নতুন দিল্লিতে আজ কমিশনের সদর দফতরে যান ত্থগমূল কংগ্রেসের ৫ সদস্যের একটি প্রতিনিধি দল। ছিলেন, সাংসদ সুদীপ বন্দ্যোপাধ্যায়, ডেরেক ও'ব্রায়েন, কীর্তি আজাদ, সুমিতা দেব ও সাকেত গোখলো।

কমিশনকে দেওয়া চিঠিতে দলের তরফে অভিযোগ তোলা হয়েছে যে, বিজেপি নেতাদের নির্দেশ মতো বাহিনী মোতায়ন করা হচ্ছে। বিজেপিকে নির্বাচনে সুবিধা করে দিতে কেন্দ্রীয় বাহিনী এলাকার মানুষকে ভয় দেখাচ্ছে।

RG Kar হাসপাতালে কর্তব্যরত অবস্থায় তরুণী পিজিটি চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনার তিন মাস পূর্ণ হয়েছে। এখনো বিচার মেলেনি- এই দাবীতে আজ ফের পথে নেমেছেন চিকিৎসক থেকে শুরু করে সাধারণ মানুষ। ‘ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফ্রন্ট’র ডাকে কলেজ স্কোয়ার থেকে ধর্মতলা পর্যবেক্ষণ নাগরিক মিছিলে সামিল হয়েছেন বহু বিশিষ্ট ব্যক্তি।

রানী রাসমনি অ্যাভিনিউতে ‘অভয়া মঞ্চ’-এর তরফে আয়োজিত হচ্ছে ‘জনতার চার্জশিট’ কর্মসূচী। পথনাটিকা, বিভিন্ন সাংস্কৃতিক কর্মসূচীর মধ্য দিয়ে জানানো হচ্ছে প্রতিবাদ। সমাজের সকল স্তরের মানুষ এতে অংশ নিয়েছেন।

আন্দোলনকারী চিকিৎসক মিছিকা হাজরা বলেন, ন্যায় বিচার না মেলা পর্যবেক্ষণ তাঁরা রাস্তায় থাকবেন।

SSKM, RG Kar সহ রাজ্যের বিভিন্ন মেডিকেল কলেজে প্রদর্শিত হচ্ছে ‘দ্রোহের গ্যালারি।’ রয়েছে জুনিয়ার ডাক্তারদের আন্দোলনের বিভিন্ন ছবি, পোস্টার, ব্যানার।

প্রচার পাওয়ার জন্যই ডাক্তাররা বার বার বিচারের দাবীতে পথে নামছেন বলে রাজ্যের মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়ের ফিরহাদ হাকিম কটাক্ষ করেছেন। আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, নারীদের ওপর অত্যাচার বক্ষে রাজ্য বিধানসভায় ‘অপরাজিতা আইন’ পাশ হয়েছে। রাষ্ট্রপতি এতে অনুমোদন দিলেই সমাজে নারীদের ওপর অত্যাচার কমে যাবে।

RG Kar কান্তে বিচার প্রক্রিয়া সঠিক পদ্ধতিতেই এগোচ্ছে বলে তিনি মন্তব্য করেন।

বিজেপি, দক্ষিণ ২৪ পরগণার মথুরাপুরে দলীয় কর্মী হত্যার ঘটনায় সঠিক তদন্তের দাবী জানিয়েছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, দলীয় কর্মী পৃথিরাজ নক্ষর চার দিন ধরে নিখোঁজ থাকা সত্ত্বেও পুলিশ সঠিকভাবে তাঁর সন্ধান করেনি।

চার দিনের সফরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামী সোমবার উত্তরবঙ্গ যাচ্ছেন। সোমবার রাতে তিনি দার্জিলিং পৌঁছবেন। নবাব সূত্রে খবর, কিছু প্রশাসনিক কর্মসূচী’ও রয়েছে মুখ্যমন্ত্রীর। মঙ্গলবার দুপুর সাড়ে তিনিটোয়ে গ্রাম প্রশাসনের সঙ্গে বৈঠক করবেন মুখ্যমন্ত্রী। বুধবার দার্জিলিং চৌরাস্তায় সরস মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন তিনি। পাশাপাশি বাগিচা শ্রমিকদের হাতে জমির পাট্টা তুলে দেওয়ার কর্মসূচী রয়েছে মুখ্যমন্ত্রীর।

উত্তর ২৪ পরগনার বসিরহাট মহকুমার হাসনাবাদ রাকের রামেশ্বরপুর বরুনহাট গ্রাম পঞ্চায়েতের দাসপাড়ায় আবাস যোজনায় কারচুপির অভিযোগে স্থানীয়রা আজ বিক্ষেপ দেখান। তাঁদের দাবি, প্রাপকদের তালিকায় এমন সব ব্যক্তিদের নাম রয়েছে যাঁদের পাকা বাড়ি রয়েছে। পঞ্চায়েতে বিষয়টি জানাতে গেলে শাসক দলের নেতারা গ্রামবাসীদের হমকি দেয় বলে অভিযোগ।

নিত্য প্রয়োজনীয় সামগ্রীর অস্বাভাবিক মূল্যবৃদ্ধির প্রতিবাদে কংগ্রেস আজ রাজ্য জুড়ে বিভিন্ন বাজারে প্রতিবাদ কর্মসূচী পালন করেছে।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার সকালে জলপাইগুড়ির দিনবাজারে বিক্ষেপ কর্মসূচীতে অংশ নেন।

দক্ষিণ কলকাতা জেলা কংগ্রেস কমিটির পক্ষ থেকে যদু বাবুর বাজার, পার্ক সার্কাস বাজার, মোমিনপুর বাজার সহ দক্ষিণ কলকাতার ৯'টি বাজারে বিক্ষেপ কর্মসূচী পালন করা হয়।

মেদিনীপুর শহরের গেট বাজারে মূল্যবৃদ্ধির প্রতিবাদে সকাল ৮'টা থেকে ১০ টায় বিক্ষেপে সামিল হন কংগ্রেস প্রার্থী সহ কর্মীরা।

দক্ষিণ পূর্ব রেলের খড়গপুর শাখায় নলপুরের কাছে সেকেন্দ্রাবাদ শালিমার এক্সপ্রেসের ইঞ্জিন ও তিনটি বগি লাইনচুক্যত হওয়ার ঘটনার তদন্ত শুরু করেছে রেল কর্তৃপক্ষ। আজ ভোরে ওই ট্রেনের পার্সেল ভ্যান সহ আরো দুটি বগি লাইন থেকে নেমে অন্য লাইনে চলে যায়। বিকট শব্দে চমকে ওঠেন স্থানীয় মানুষজন। ঘটনাস্থলে ছুটে আসেন তাঁরা। ট্রেনের গতি কম থাকায় বড়সড় কোন বিপত্তি ঘটেনি।

দুঃঘটনার জেরে ওই শাখায় ব্যাহত হয় ট্রেন চলাচল। বেশকিছু ট্রেনের যাত্রাপথ সংক্ষিপ্ত করা হয়েছে। সময়সূচী পরিবর্তন করা হয়েছে কয়েকটি ট্রেনের।

দক্ষিণ পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক ও মপ্রকাশ চরণ জানিয়েছেন, বাসে করে যাত্রীদের গন্তব্যে পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা হয়। ঘটনার পরপরই রেলের উচ্চপদস্থ কর্মীরা সেখানে যান, পৌঁছয় রিলিফ ট্রেনও।

বাতিল করা হয়েছে দীঘা-হাওড়া তান্ত্রিক এবং হাওড়া-দীঘা কাভারি এক্সপ্রেস। হাওড়া স্টেশনে দীর্ঘক্ষণ আটকে থাকে রাউরকেল্লা বন্দে ভারত এক্সপ্রেস। হাওড়া, সাঁতরাগাছি, শালিমার ও খড়গপুর স্টেশনে খোলা হয়েছে বিশেষ হেল্প ডেস্ক।

জগদ্বাত্রী পুজোর আজ অষ্টমী। নানা উপচার এবং যথাযথ ধর্মীয় উদ্দীপনায় মেডেছেন কলকাতা সহ শহরতলির পুজো আয়োজকরা। বিশেষ উদ্বাদনা লক্ষ্য করা যাচ্ছে হৃগলীর চন্দননগর ও নদীয়ার কৃষ্ণনগরে।

আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন- (ডিসি- অনুপম মোদক)

জগদ্বাত্রী পুজোর প্রতিমা নিরঞ্জনের জন্য পূর্ব রেল আগামী সোম, মঙ্গল ও বুধবার চতুর্দশ চলাচল নিয়ন্ত্রণ করবে। ওই তিনিদিন সাতটি করে EMU লোকালের যাত্রা পথ কলকাতা স্টেশন থেকে শুরু ও শেষ হবে। চারটি আপ ও চারটি ডাউন ট্রেন বাতিল থাকবে। ঘুরিয়ে দেওয়া হবে বেশ কয়েকটি ট্রেনের যাত্রাপথ।

কলকাতার রবীন্দ্রসদন প্রাঙ্গণে শুরু হয়েছে ‘পশ্চিমবঙ্গ চারুকলা উৎসব’।

আজ একতারা মুক্তমঞ্চে এর উদ্বোধন করেন তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ইন্দ্রনীল সেন। ভাষণে তিনি বলেন, উদীয়মান শিল্পীদের শিল্পকর্ম মানুষের কাছে পৌঁছে দিতে সরকার একটি পোর্টাল তৈরী করছে।

ইডেনে অনুর্ধ্ব ১৯ কোচবিহার ট্রফি ক্রিকেটে বাংলা ইনিংস ও ৪১ রানে মুম্বইকে পরাজিত করেছে।

চারদিনের ম্যাচের আজ শেষদিনে মুম্বই দ্বিতীয় ইনিংসে ৩১৬ রান সংগ্রহ করে।

মুম্বই প্রথম ইনিংসে ১৪৫ রানে অলআউট হয়ে যাওয়ার পর বাংলা মুম্বইকে ফলো অন করিয়েছিলো।

উল্লেখ্য, বাংলা ৯ উইকেটে ৫০২ রান তুলে প্রথম ইনিংসের সমাপ্তি ঘোষণা করেছিলো। এই ম্যাচে বাংলা ৭ পয়েন্ট পেয়েছে।

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলের ম্যাচে ইস্টবেঙ্গল, মহামেডান স্পোটিং এর মুখোমুখি হইয়েছে।
শেষ খবর পাওয়া পর্যন্ত খেলা গোলশৃঙ্খল রয়েছে।
